দৈনিক সংবাদ

JUL 02 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২শ' ১৯টি শিক্ষক পদ শূন্য

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর মোট ৪শ' ৭৮টি পদ শূন্য রয়েছে। এর মধ্যে শিক্ষক পদে ২শ' ১৯টি, কর্মকর্তা পদে ৫১টি এবং ৩য় শ্রেণীর কর্মচারী ও ৪র্থ শ্রেণীর কর্মচারী মিলিয়ে ২শ' ৮টি পদ শূন্য আছে। বিশ্ববিদ্যালয়ের ২০০২-২০০৩ সালের বাজেট বই থেকে এ তথ্য পাওয়া গেছে।

বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক এবং খণ্ডকালীন শিক্ষক মিলিয়ে মোট অনুমোদিত পদের সংখ্যা ১ হাজার ৪শ' ৮৮টি। এর মধ্যে বর্তমানে কর্মরত আছেন ১ হাজার ২শ' ৬৯ জন শিক্ষক (৬০ জন খণ্ডকালীনসহ)। অধ্যাপক পদে ৭০টি পদ, সহযোগী অধ্যাপক পদে ৩৮টি, সহকারী অধ্যাপক পদে ১শ' ২৩টি এবং প্রভাষক পদে ৮৮টি পদ শূন্য রয়েছে। ভাষাতত্ত্ব বিভাগে খণ্ডকালীন শিক্ষকের অনুমোদিত কোন পথ নেই; কিন্তু ২ জন শিক্ষক রয়েছে। অন্যদিকে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগে ২ জন খণ্ডকালীন শিক্ষক পদের অনুমোদন থাকলেও কোন শিক্ষক নেই। বিভিন্ন হল, বিভাগ, অনুষদ ও অফিসগুলো মিলিয়ে ৫শ' ৪৩টি অনুমোদিত কর্মকর্তা

শিক্ষক ঃ পৃঃ ২ কঃ ৬

## শিক্ষক ঃ পদ

( ১ম পৃষ্ঠার পর )

পদের মধ্যে কর্মরত রয়েছেন ৪শ' ৯২ জন। বিভিন্ন অফিসগুলোতে কর্মকর্তা পদে ৪০টি, বিভাগগুলোতে ১১টি পদ খালি আছে।

এছাড়া বিভিন্ন বিভাগ, হল, অনুষদ ও অফিস মিলিয়ে ৩য় শ্রেণীর কর্মচারীর ১শ' ৬৬টি পদ শূন্য রয়েছে। ৩য় শ্রেণীর কর্মচারীর মোট অনুমোদিত পদ রয়েছে ১ হাজার ১শ' ৩৪টি। কর্মরত রয়েছে ১ হাজার ৬৮ জন। ৪র্থ শ্রেণীর কর্মচারীর ৪২টি পদ খালি রয়েছে। ৪র্থ শ্রেণীর কর্মচারীর মোট অনুমোদিত ১ হাজার ৮শ' ৭৩টি পদের মধ্যে কর্মরত রয়েছেন ১ হাজার ৮শ' ৩১ জন।